গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**(www.moca.gov.bd)**

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে উপজেলা পর্যায়ে সাহিত্য মেলা আয়োজনের করণীয় নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কে এম খালিদ, এমপি<br>মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ০৫ জুলাই ২০২৩, বেলা ১২.০০টা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে তৃণমূল পর্যায়ে কবি-সাহিত্যিকদের সাহিত্যকর্ম জাতীয় পর্যায়ে জনসম্মুখে তুলে ধরার লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় সকল জেলা এবং ০৪ (চার) টি বিভাগে বিভাগীয় সাহিত্য মেলা আয়োজন সম্পন্ন করা হয়েছে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অনুষ্ঠান শাখার যুগ্মসচিব জনাব মোঃ আতাউর রহমান সভার কার্যপত্র উপস্থাপন করেন।

০৪ জুলাই ২০২৩ তারিখ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ৬টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও ১টি সমাপ্ত প্রকল্পের শুভ উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী সাহিত্য মেলা উপজেলা/ ইউনিয়ন পর্যায়ে আয়োজনের নির্দেশনা প্রদান করেছেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে করণীয় নির্ধারণে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে। বর্তমানে উপজেলা সংখ্যা ৪৯৬ টি এবং সদর উপজেলা ব্যতীত উপজেলা সংখ্যা ৪৩৬টি।

০২. সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত |
|---|---|
| ২.১ | জুলাই ২০২৩ মাসের শেষ সপ্তাহে প্রথম পর্যায়ে ৬৪ টি জেলার ৬৪ উপজেলায় ০২ দিনব্যাপী উপজেলা সাহিত্য মেলা আয়োজন করা হবে। উপজেলা সাহিত্য মেলা আয়োজনে অবশ্যই সদর উপজেলা বাদে অন্য উপজেলায় অনুষ্ঠিত হবে। উপজেলা নির্বাচনের ক্ষেত্রে যোগাযোগ ব্যবস্থা, কবি সাহিত্যিকদের সংখ্যা ইত্যাদি বিষয় বিবেচনায় রাখতে হবে। |
| ২.২ | নির্বাচিত উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল/কলেজ) উপজেলা সাহিত্য মেলা আয়োজন করতে হবে এবং ১৫০-২০০ জন অতিথির আসনের ব্যবস্থা থাকতে হবে। |
| ২.৩ | নির্বাচিত উপজেলার উপজেলা সাহিত্য মেলায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে অনুদান প্রাপ্ত লাইব্রেরি/লাইব্রেরিসমূহ আবশ্যিকভাবে বই মেলায় অংশগ্রহণ করবে। |
| ২.৪ | নির্বাচিত উপজেলার উপজেলা সাহিত্য মেলায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে অনুদান প্রাপ্ত প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহ আবশ্যিকভাবে সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করবে। |
| ২.৫ | বাংলা একাডেমি উপজেলা সাহিত্য মেলা আয়োজনের রুপরখো প্রণয়ন করবে। |
| ২.৬ | উপজেলা সাহিত্য মেলার যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা |

| | |
|---|---|
| | হলো:<br><br>১. অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় — আহ্বায়ক<br>২. মহাপরিচালক, বাংলা একাডেমি — সদস্য<br>৩. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর — সদস্য<br>৪. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র — সদস্য<br>৫. সচিব, বাংলাদেশ শিল্পকলা একাডেমি — সদস্য<br>৬. যুগ্মসচিব, অনুষ্ঠান, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় — সদস্য-সচিব<br><br>কার্যপরিধি:<br>১. উপজেলা সাহিত্য মেলা আয়োজনের সম্ভাব্য ব্যয় নির্ধারণ করবেন।<br>২. বাংলা একাডেমির প্রণয়নকৃত রূপরেখা আলোকে উপজেলা সাহিত্য মেলা বাস্তবায়নের পরিকল্পনা পেশ করবেন।<br>৩. মেলায় অন্যান্য সংস্থার অংশগ্রহণের বিষয়ে মতামত প্রদান করবেন।<br>৪. সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন বিষয়ে মতামত প্রদান করবেন। |
| ২.৭ | অনুষ্ঠানের তালিকায় সাংস্কৃতিক অনুষ্ঠান রাখা যেতে পারে। সেখানে স্থানীয় জাদুশিল্পীকে অন্তর্ভূক্ত করা যায়। |

সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি উপজেলা সাহিত্য মেলা সুষ্ঠুভাবে উদ্‌যাপনে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে উপস্থিত এবং অনলাইনে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কে এম খালিদ এমপি
প্রতিমন্ত্রী

স্মারক: ৪৩.০০.০০০০.১২৪.১৬.০০২.২২. ৪৭৫

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩০
০৯ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল)/যুগ্মসচিব(সকল)/উপসচিব(সকল)/সিনিয়র সহকারী সচিব (সকল)/সহকারী সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা;
৩. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা;
৪. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরে-বাংলা নগর, ঢাকা;
৫. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা;

৬. রেজিস্ট্রার, কপিরাইট অফিস, শেরে-বাংলা নগর, ঢাকা;
৭. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা;
৮. মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা;
৯. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, বর্ধমান হাউজ, বাংলা একাডেমি, ঢাকা;
১০. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা;
১১. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা;
১২. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনাগাঁও, নারায়ণগঞ্জ;
১৩. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা;
১৪. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান;
১৫. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার;
১৬. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি;
১৭. উপ-পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি;
১৮. উপ-পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী; এবং
১৯. উপ-পরিচালক, মনিপুরী ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
২. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ); এবং
৪. অফিস কপি।

৯/০৭/২০২৩
মো: আতাউর রহমান
যুগ্মসচিব
ফোন: ৫৫১০১১৬৫
ইমেইল: event.section@moca.gov.bd